# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 13-10-2025** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে বেসরকারি মেডিক্যাল কলেজের দ্বিতীয় বর্ষের ডাক্তারি পড়ুয়ার গণধর্ষণ কান্ডে পুলিশ আজ আরও দু'জনকে গ্রেপ্তার করেছে। এই নিয়ে ধৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো-পাঁচ।

রাজ্যপাল সিভি আনন্দ বোস এই ঘটনার তীব্র নিন্দা করে দোষীদের দ্রুত শাস্তির দাবি জানিয়েছেন।

বিরোধী দলগুলি এই ধরনের ঘটনা রুখতে ব্যর্থ হওয়ায় সরকারের তীব্র সমালোচনা করেছে।

উত্তর দিনাজপুরের কুশমন্ডিতে এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগে এক নাবালক সহ চার যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

২) প্রাকৃতিক দুর্যোগ ও ভূমি ধ্বসে বিধ্বস্ত উত্তরবঙ্গে ত্রাণ ও পুনর্গঠনের কাজ মুখ্যমন্ত্রী আজ সরেজমিনে খতিয়ে দেখেছেন।

৩) সারদা চিটফান্ড মামলায় রাজ্য পুলিশের ডিজি ও কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার রাজীব কুমারের আগাম জামিন খারিজের আবেদন জানিয়েছে সিবিআই।

৪) পশ্চিমবঙ্গ থেকে মৌসুমী বায়ু বিদায় নিয়েছে।

৫) ১৪ বছর পর বাংলা সিনিয়ার জাতীয় মহিলা ফুটবল প্রতিযোগিতার ফাইনালে।

oooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে বেসরকারি মেডিক্যাল কলেজের দ্বিতীয় বর্ষের ডাক্তারি পড়ুয়ার গণধর্ষণ কান্ডে পুলিশ আজ আরও দু'জনকে গ্রেপ্তার করেছে। এই নিয়ে ধৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো-পাঁচ ।

পুলিশ আজ ওই ঘটনায় দুই অভিযুক্ত স্থানীয় বাসিন্দা শেখ সফিকুল এবং সাদ্দাম ওরফে শেখ নাসিরুদ্দিনকে গ্রেফতার করেছে। উভয়কেই আজ দুর্গাপুর আদালতে তোলা হলে বিচারপতি ন'দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। গতকালই ধৃত অপু বাউড়ি, ফিরদৌস শেখ এবং শেখ রেজাউদ্দিনের দশদিনের পুলিশ হেফাজত হয়েছে।

এদিকে, এই ঘটনায় আজ'ও উত্তাল রাজ্য-রাজনীতি। রাজ্যপাল সিভি আনন্দ বোস নির্যাতিতাকে দেখতে দুর্গাপুরে যান। নির্যাতিতার সঙ্গে দেখা করে বেরিয়ে এসে তিনি সাংবাদিকদের বলেন, এটি অত্যন্ত বেদনাদায়ক ঘটনা। ছাত্রী এবং তার পরিবারের সঙ্গে কথা হয়েছে জানিয়ে, রাজ্যপাল বলেন পরিবার যাতে বিচার পায়, তার জন্য যা যা করার, সবকিছু করা হবে।

(বাইট –রাজ্যপাল)

রাজ্যপাল আক্ষেপ করে জানান, যে বাঙলার হাত ধরে দেশে নবজাগরণের সূচনা হয়েছে, সেই বাংলায় এই ধরনের ঘটনা মেনে নেওয়া যায় না।

এদিকে ওই ঘটনার প্রতিবাদে এবং ন্যায় বিচারের দাবিতে সিটি সেন্টারে বিজেপির ধর্ণা কর্মসূচীতে পুলিশের বাধা দেওয়াকে কেন্দ্র করে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশী বাধা উপেক্ষা করে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী নির্যাতিতা ডাক্তারি পড়ুয়ার বাবাকে নিয়ে ধর্ণাস্থলে পৌঁছন। এবং নির্যাতিতাকে ন্যায় বিচারের প্রতিশ্রুতি দেন। পরে শ্রী অধিকারি সাংবাদিকদের জানান, এই গণ ধর্ষণের সঙ্গে তৃণমূল কংগ্রেসের পদাধিকারীরা যুক্ত রয়েছে।

(বাইট – শুভেন্দু)

বিজেপি নেত্রী লোকসভার সাংসদ বাঁশুরী স্বরাজ আজ নতুন দিল্লিতে এই ঘটনার তীব্র নিন্দা করে বলেছে যে রাজ্যে মহিলা মুখ্যমন্ত্রী রয়েছেন, সেখানে এ ধরণের অসংবেদনশীল আচরণ বাঞ্ছনীয় নয়।

(বাইট - বাঁশুরী স্বরাজ)

এদিকে, বাংলা ক্রমশ তালিবানি শাসনের মত হয়ে যাচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় জানিয়েছেন, দেশের মধ্যে বাংলা এখন উল্টো পথে হাঁটছে। নির্যাতিতার বর্তমান শারীরিক অবস্থার কোন রিপোর্ট প্রকাশ্যে আসতে দেওয়া হচ্ছে না।

একদিকে, রাজ্যের মহিলা মুখ্যমন্ত্রী মেয়েদের রাতে বাইরে না যাওয়ার পরামর্শ দিচ্ছেন। অন্যদিকে, রাজ্যে নারী নির্যাতনে অভিযুক্তদের কোন শাস্তি হচ্ছে না। দোষীদের শাস্তি দেওয়া এবং এই সরকারকে অপসারিত না করা পর্যন্ত বিজেপি লড়াই করে যাবে বলে শ্রীমতি চট্টোপাধ্যায় স্পষ্ট জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মহিলাদের রাতে বেরোনো প্রসঙ্গে যে মন্তব্য করেছেন সিপিআইএম তার তীব্র নিন্দা করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, মুখ্যমন্ত্রীর এই ধরনের মন্তব্যে পুরুষতান্ত্রিক ভাবনা চিন্তার প্রকাশ পাচ্ছে।

(বাইট – সেলিম)

ওড়িশা মহিলা কমিশনের চেয়ারপার্সন শোভনা মহান্তির নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধিদল আজ নির্যাতিতাকে দেখতে আসেন। তাঁদের দীর্ঘ সময় ব্যারিকেডের বাইরে দাঁড় করিয়ে রাখা হয়। পরে তাঁরা হাসপাতালের ভিতরে প্রবেশ করেন।

ভয়েস অফ অভয়া এবং ভয়েস অফ ওমেন কলকাতার পক্ষ থেকেও আজ হাসপাতালের সামনে বিক্ষোভ দেখানো হয়।

এদিকে, বিভিন্ন জেলা থেকেও দুর্গাপুর এর ঘটনার প্রতিবাদে বিক্ষোভ দেখানো হয়। কোচবিহারে তুফানগঞ্জ থানায় দুর্গাপুর কাণ্ডের প্রতিবাদে বিজেপির ডেপুটেশন জমা দেওয়াকে ঘিরে এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। বিজেপি বিধায়ক মালতী রাভা সেখানে পৌঁছলে তৃণমূল কংগ্রেস কর্মীরা তাঁকে ঘিরে বিক্ষোভ দেখাতে থাকেন। সেসময় এক বিজেপি নেতাকে মারধোরের অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। এরপর সংঘর্ষ বাধলে ইটবৃষ্টিতে তুফানগঞ্জ থানার এক পুলিশ আধিকারিক আহত হন। ঘটনার প্রতিবাদে থানার সামনে পথ

অবরোধ শুরু করে বিজেপি। পুলিশ উভয় পক্ষকেই সরিয়ে দেয়। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

SUCI-এর পক্ষ থেকে'ও আজ দুর্গাপুরে বিক্ষোভ মিছিল বের করা হয়।

অন্যদিকে, যথাযথ নিরাপত্তার দাবিতে পুরুলিয়া দেবেন মাহাতো সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ইন্টার্নরা অনির্দিষ্টকালের জন্য কাজ বন্ধ কর দিলেন। পড়ুয়াদের দাবি পুরুলিয়া শহরের সদর হাসপাতাল ক্যাম্পাসে মেডিক্যাল কলেজের বেশ কিছু বিভাগ থাকায় সেখানে রাত্রের দিকে যাবার ক্ষেত্রে সমস্যা হয়। দীর্ঘদিন ধরে এনিয়ে অভিযোগ করেও লাভ না হওয়ায় তাদের এই পদক্ষেপ।

oooooooooooooooooooooooo

উত্তর দিনাজপুরের কুশমন্ডিতে এক নাবালিকাকে ধর্ষনের অভিযোগে এক নাবালক সহ চার জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতদের আজ গঙ্গারামপুর মহকুমা আদালতে তোলা হলে ১০ দিনের জেল হেফাজতে পাঠানো হয়। । নির্যাতিতার পরিবার অবশ্য অভিযুক্তদের ফাঁসির দাবিতে সরব হয়েছেন।

উল্লেখ্য, কুশমন্ডি থানা এলাকার অষ্ঠম শ্রেনীর ওই ছাত্রী বাড়ি থেকে কিছুটা দুরে লক্ষীপুজোর মেলায় গিয়েছিল। বাড়ি ফেরার পথে রাতের অন্ধকারে কয়েকজন যুবক তাকে একা পেয়ে পথ আটকায় ও তারপর ধর্ষণ করে । গতসন্ধ্যায় নাবালিকা অসুস্থ্ হয়ে পড়লে পরিবারের লোকজনকে ঘটনার কথা খুলে বলে। রাতেই মেয়েটির পরিবার কুশমন্ডি থানায় ৬ জনের বিরুদ্ধে ধর্ষনের অভিযোগ দায়ের করে। তার ভিত্তিতে গ্রেপ্তার করা হয় ওই চার জন কে।

oooooooooooooooooooooooo

কসবায় দক্ষিণ কলকাতা ল কলেজে গণধর্ষণের ঘটনায় ধৃত কলেজের নিরাপত্তা রক্ষী পিনাকী বন্দ্যোপাধ্যায় আজ আলিপুর জেলা ও দায়রা আদালত থেকে জামিন পেলেন । ২০ হাজার টাকার ব্যাক্তিগত বণ্ডে আদালত তার জামিন মঞ্জুর করে।ঘটনার চার মাসের মধ্যেই জামিন পেলেন তিনি।

মূলত নির্যাতিতার বয়ান ও ক্লোজ সার্কিট ক্যামেরার ফুটেজের প্রমানের ভিত্তিতে পিনাকী বন্দ্যোপাধ্যায় নির্দোষ বলে আদালতে সওয়াল করেন তার আইনজীবী। ঘটনার সময় ঐ নিরাপত্তা রক্ষীকে জোর করে ভয় দেখিয়ে ঘর থেকে বের করে দেওয়া হয় বলে অভিযোগ।

উল্লেখ্য গত ২৫ জুন সন্ধ্যার এই ঘটনায় পুলিশ মোট চারজনকে গ্রেফতার করে। এরা হল মুল অভিযুক্ত তৃণমূল ছাত্র নেতা মনোজিৎ মিশ্র, জাইব আহমেদ ও প্রমিত মুখোপাধ্যায় ও নিরাপত্তা রক্ষী পিনাকী বন্দ্যোপাধ্যায়।

oooooooooooooooooooooo

মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসার গাফিলতিতে প্রসূতি মৃত্যুর অভিযোগ উঠেছে। মৃতার নাম শিখা দে দাস। ৯ মাসের এই প্রসূতি তাঁর শারীরিক সমস্যা নিয়ে গতসন্ধ্যায় ভর্তি হতে এসেছিলেন কিন্তু জ্বর আর কাশির ওষুধ দিয়ে ছেড়ে দেওয়া হয়। পরে রাত ৩ টে নাগাদ শ্বাসকষ্ট হওয়ায় ইমার্জেন্সিতে নিয়ে আসার পর আজ ভোর ৬টা নাগাদ মারা যান। তাঁর স্বামী পবিত্র দাসের দাবি ভুল চিকিৎসার কারণে এই মৃত্যু । এই ঘটনায় রাজ্য স্বাস্থ্য দফতর থেকে দুই সদস্যের প্রতিনিধিদল পাঠানো হয়েছে। মেদিনীপুর মেডিক্যাল কলেজের তরফেও গঠন করা হয়েছে তদন্ত কমিটি।

মেডিকেল কলেজ হাসপাতালের সুপার ডাঃ ইন্দ্রনীল সেন জানিয়েছেন, পুরো বিষয়টি তদন্ত করে দেখা হবে।

oooooooooooooooooooooo

প্রাকৃতিক দুর্যোগ ও ভূমিধসে বিধ্বস্ত উত্তরবঙ্গের ত্রাণ ও পুনর্গঠনের কাজ সরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ জলপাইগুড়ির নাগরাকাটাসহ একাধিক এলাকা পরিদর্শন করেন। পায়ে হেঁটেই নাগরাকাটার ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরে দেখেন তিনি। ধস-বৃষ্টি জনিত ক্ষয়ক্ষতি দ্রুত মেরামতির আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি নাগরাকাটায় মৃতদের পরিবারকে অর্থ সাহায্য ও চাকরির নিয়োগপত্রও তিনি তুলে দেন।

oooooooooooooooooooo

দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ু আজ সমগ্র পশ্চিমবঙ্গ থেকে বিদায় নিয়েছে। আগামী ৭ দিন দক্ষিণবঙ্গ বা উত্তরবঙ্গ কোথাও সেরকম বৃষ্টির সম্ভাবনা নেই বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন । কলকাতা সহ সারা রাজ্যেই আবহাওয়া শুষ্ক থাকবে।

এদিকে, মৌসুমী বায়ুর প্রভাব কেটে যাওয়ায় তাপমাত্রা কিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বোচ্চ ও সর্বনিম্ন দুটি তাপমাত্রাই ছিল, স্বাভাবিকের তুলনায় প্রায় ১ ডিগ্রী নীচে।

পশ্চিমের জেলা গুলিতে এই তাপমাত্রা আরো কিছুটা কম হওয়ার সম্ভাবনা রয়েছে। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

oooooooooooooooooooo

সারদা চিট ফাণ্ড মামলায় রাজ্য পুলিশের ডিজি ও কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার রাজীব কুমারের আগাম জামিন খারিজের আবেদন জানিয়েছে সিবিআই। সুপ্রিম কোর্টে, প্রধান বিচারপতি বি আর গাভাইয়ের বেঞ্চ ৬ বছর পরে সিবিআইয়ের এই মামলার শুনানি করার আবেদন নিয়ে মৃদু অসন্তোষ প্রকাশ করেন। তবে আগামী শুক্রবার শুনানির সময় রাজীব কুমারের বিরুদ্ধে ওঠা আদালত অবমাননার অভিযোগ ও তার আগাম জামিন খারিজের আবেদন তারা বিবেচনা করবে বলে জানিয়েছে।

আজকের শুনানিতে সলিসিটর জেনারেল তুষার মেহেতা বলেন, আগাম জামিন খারিজ করার আগে আদালত অবমাননার মামলা শোনা হোক। সিবিআই আধিকারিকরা এই অফিসার কে জিজ্ঞাসাবাদ করতে গিয়ে পুলিশের হেনস্থার সম্মুখীন হয়। সিবিআই সারদা চিট ফাণ্ড মামলার তদন্তভার হাতে নেওয়ার আগে রাজ্য পুলিশের যে সিট তদন্ত করছিল তার মাথায় ছিলেন তিনি।কিন্তু গুরুত্বপূর্ণ নথি তিনি সিবিআইকে দেননি।

রাজীব কুমারের পক্ষের আইনজীবীর অবশ্য যুক্তি তিনি বরাবর সিবিআইয়ের সঙ্গে সহযোগিতা করেছেন। সিবিআই এতদিন তাকে সমন ও পাঠায়নি।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্ট , ২০১৯ সালের পয়লা অক্টোবর রাজীব কুমারের আগাম জামিন মনজুর করে । তার আগে সুপ্রিম কোর্ট থেকে রক্ষাকবচ পেয়েছিলেন রাজীব কুমার।

oooooooooooooooooooooo

চোদ্দ বছর পর বাংলা, সিনিয়র জাতীয় মহিলা ফুটবল প্রতিযোগিতা রাজমাতা জিজাবাই ট্রফির ফাইনালে উঠেছে। তারা আজ ছত্তিশগড়ে নারায়নপুর রামকৃষ্ণ মিশনের মাঠে সেমিফাইনালে উত্তর প্রদেশকে ২-১ গোলে হারিয়ে দেয়।

ooooooooooooooooo